

জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ (ইংরেজি ভার্সন), নোয়াখালী

হাকিম কোয়ার্টার রোড, মাইজদী, নোয়াখালী

মোবাইল: ০১৭১৪-২৯৮৭৩১

ইমেইল : zpscnoakhali@gmail.com

ওয়েব সাইট : www.zpscno.edu.bd

ফেইসবুক পেইজ : www: Facebook.com/zpscno

নিয়োগ বিজ্ঞপ্তি

০৩ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ

তারিখ-

১৯, অক্টোবর, ২০২২

স্মারক নং- জে.প্র.স্ক.ক.২০২২- ১২


জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ (ইংরেজি ভার্সন), নোয়াখালী এ নিম্নলিখিত পদসমূহের জন্য যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র.নং	পদের নাম ও বিষয়	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন স্কেল
০১	সহকারী শিক্ষক: বাংলা-১ হিন্দু ধর্ম-১	০২	অনুর্ধ্ব ৩৫ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণিতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর/সমমানের সিজিপিএ প্রাপ্ত। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। শিক্ষকতায় অভিজ্ঞ, স্কুল নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজি কথোপকথনে পারদর্শী প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হবে।	গ্রেড: ১০তম (১৬,০০০ - ৩৮,৬৪০)
০২	জুনিয়র শিক্ষক ক. শারীরিক শিক্ষা- ১ খ. সাধারণ- ১	০২	অনুর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোন বিষয়ে ২য় শ্রেণির স্নাতক (সম্মান)/সমমানের সিজিপিএ প্রাপ্ত। শিক্ষকতায় অভিজ্ঞ, স্কুল নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজি কথোপকথনে পারদর্শী প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হবে।	গ্রেড: ১৩ তম (১১,০০০ - ২৬,৫৯০)
০৩	দারওয়ান-১ নৈশ প্রহরী-১	০২	অনুর্ধ্ব ৩০ বছর	ক) অষ্টম শ্রেণী পাস। খ) শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে। গ) অভিজ্ঞদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য	আলোচনা সাপেক্ষে

শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীগণকে জেলা প্রশাসক, নোয়াখালী ও সভাপতি জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ (ইংরেজি ভার্সন), নোয়াখালী বরাবর ২৩ অক্টোবর, ২০২২ হতে ১৮ নভেম্বর, ২০২২ ইং তারিখের মধ্যে স্বহস্তে লিখিত স্বাক্ষরসহ আবেদন মোবাইল নং ও ই-মেইল উল্লেখপূর্বক ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পরে প্রেরিত আবেদন গৃহীত হবে না। (আবেদন ফরম জমাদানের ঠিকানা: সিনিয়র সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।)
- আবেদনপত্রের সাথে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদ (যদি থাকে), স্কুল শিক্ষক নিবন্ধন পরীক্ষার সনদ (যদি থাকে), কম্পিউটার প্রশিক্ষণ সনদের সত্যায়িত অনুলিপি (০৩ নং পদের জন্য প্রযোজ্য), স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, মোবাইল ফোন নম্বর এবং সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের খামের উপরে পদ ও বিষয়ের নাম স্পষ্ট করে লিখতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০১ ও ০২ নং পদের আবেদনকারীকে =১০০০/- (এক হাজার) এবং ০৩ নং পদের জন্য =৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) “জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ (ইংরেজি ভার্সন), নোয়াখালী” এর অনকূলে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ প্রদত্ত মোবাইল নম্বরে যোগাযোগ এর মাধ্যমে পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- যে কোন ধরনের তদবির/ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

৮. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা নিয়োগ পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তার প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৯. মৌখিক পরীক্ষার সময় আবেদনের সাথে সংযুক্ত সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।



দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক, নোয়াখালী
ও সভাপতি

জেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ (ইংরেজি ভাষা), নোয়াখালী
ফোন: ০৩২১-৬১০২১


ই-মেইল: dcnoakhali@mopa.gov.bd

স্মারক নং- জে.প্র.স্ক.ক.২০২২- ১২ (৫)

০৩ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ-
১৯ অক্টোবর, ২০২২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য;

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালী
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী
- ৩। সহকারী কমিশনার (ভূমি), নোয়াখালী সদর, নোয়াখালী
- ৪। সিনিয়র সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
- ৫। অফিস কপি।



জেলা প্রশাসক,
নোয়াখালী